

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ ঢাকা।
এসবি আদেশ নং-৪৮০০, তারিখ- ১০/০৯/২০২৬খ্রিঃ।

সিটি স্পেশাল ব্রাঞ্চ, ঢাকায় কর্মরত এসআই/ ফিরোজা শারমিন (বিপি-৬৭৮৭০১১৫১৩, এনআইডি-১৯৬৭৬৫১৫২৯৪৪ ৫৮২০৮) এর চাকুরির খতিয়ান বহিতে জন্ম তারিখ ১৫/১২/১৯৬৭খ্রিঃ লিপিবদ্ধ রয়েছে। তিনি গত ১২/০২/১৯৮৭খ্রিঃ পুলিশ বিভাগে নিয়োগপ্রাপ্ত হন। পারিবারিক সমস্যার কারণে তিনি আগামী ২৫/০৯/২০২৬খ্রিঃ তারিখ চাকুরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের নিমিত্তে অবসরোত্তর ছুটি (পিআরএল) চেয়ে গত ২০/০৮/২০২৬খ্রিঃ তারিখে আবেদন করেছেন। চাকুরিতে নিয়োগ প্রাপ্তির তারিখ হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের তারিখ পর্যন্ত তার মোট চাকুরিকাল ৩৯ বছর ০৭ মাস ১২ দিন। সরকারি চাকুরি আইন, ২০১৮ এর ৪৪ (১) ধারা মোতাবেক চাকুরির মেয়াদ ২৫ (পঁচিশ) বৎসর পূর্ণ হইবার পর যে কোনো সময় একজন সরকারি কর্মচারী অবসর গ্রহণের অভিপ্রেত তারিখের ৩০ (ত্রিশ) দিন পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট চাকুরি হইতে অবসর গ্রহণের অভিপ্রায় লিখিতভাবে ব্যক্ত করিয়া অবসর গ্রহণ করিতে পারবেন। তার আবেদনের প্রেক্ষিতে ১২ (বার) মাস গড়বেতনে অবসরোত্তর ছুটিসহ ১৮ (আঠার) মাসের মূলবেতনের সমপরিমান অর্থ প্রদানের ছুটি পাওনা আছে কিনা ইহা জানার জন্য অত্রাফিস স্মারক নং-৪৯৫৩, তারিখ-৩০/০৮/২০২৬খ্রিঃ মূলে চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকায় পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে এজিবি ঢাকার স্মারক নং-৩৫৪, তারিখ-৩১/০৮/২০২৬খ্রিঃ মূলে তার ০১ বছর ০৯ মাস ১০ দিন গড় বেতনে এবং ০৩ বছর ০১ মাস ২২ দিন অর্থ গড় বেতনে ছুটি পাওনা আছে মর্মে ছুটির প্রত্যয়ণ পত্র প্রেরণ করেন।

এমতাবস্থায় উক্ত এসআই'য়ের আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকুরি আইন-২০১৮ এর ৪৪ (১) ধারা মোতাবেক আগামী ২৪/০৯/২০২৬খ্রিঃ তারিখ চাকুরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের আদেশসহ ১৯৫৯ সালের ছুটির বিধিমালায় অনুচ্ছেদ ৩(১) মোতাবেক তার পাওনা ০১ বছর ০৯ মাস ১০ দিন গড় বেতন ছুটি থেকে ০১ বছর (২৫/০৯/২০২৬খ্রিঃ হতে ২৪/০৯/২০২৭খ্রিঃ পর্যন্ত) অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরী প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
ডিআইজি (প্রশাসন ও অর্থ)
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

স্মারক নং/পেনশন ৪৪.০১.০০০০.০৮৪.১৩.০০৭.২৬- ১২৬২/১(১৫) তারিখঃ ১০/০৯/২০২৬খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. ডিআইজি, সিটি স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।
২. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৩. এআইজি (হেলথ, ওয়েলফেয়ার অ্যান্ড পেনশন/পিআইএমএস/আরএন্ডসিপি-২) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪. বিশেষ পুলিশ সুপার (আইসিটি) এসবি, ঢাকা (এসবি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৫. ইনচার্জ, রেশন ষ্টোর/টেকনিক্যাল শাখা/অস্ত্রাগার, এসবি, ঢাকা।
৬. আরও-১, আর ও ফোর্সসহ সকল আর ও, রিজার্ভ অফিস এসবি, ঢাকা।
৭. ইনচার্জ, আইবাস ++/পিআইএমএস শাখা, রিজার্ভ অফিস এসবি, ঢাকা।
৮. এসআই/ ফিরোজা শারমিন, সিটি স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।
৯. হিসাব রক্ষক, এসবি, ঢাকা।
১০. প্রতিনিধি, কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড, এসবি, ঢাকা।
১১. অফিস নথি।

বিশেষ পুলিশ সুপার (প্রশাসন)
পক্ষে/অ্যাডিশনাল আইজি
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
ফোন-৪৪০৭০৩২৬, ফ্যাক্স-৪৪০৭০৩২৭